



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ০৪ এপ্রিল ২০২৪

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির জন্য “তথ্য অধিকার আইন” শীর্ষক দিনব্যাপী একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ০৪ এপ্রিল ২০২৪ তারিখ প্রতিষ্ঠানের আন্তর্জাতিক সম্মেলন কক্ষে মহাপরিচালক প্রফেসর ড. হাকিম আরিফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মসূচির শুভ উদ্বোধন ও তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত বিষয়ে প্রাথমিক ধারণা প্রদান করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর মহাপরিচালক। তথ্য অধিকার আইনের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল জনাব জুবাইদা মান্নান; তথ্য অধিকার আইনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ আজহারুল আমিন; কোন কোন ক্ষেত্রে তথ্য প্রদান বাধ্যতামূলক নয় এ বিষয়ে আলোচনা করেন পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা) জনাব মোঃ আমিনুল ইসলাম; তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে আলোচনা করেন উপপরিচালক (প্রশাসন, প্রচার, তথ্য ও জনসংযোগ) জনাব মোঃ আবদুল কাদের এবং তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রাপ্তি বিষয়ে আলোচনা করেন উপপরিচালক (অর্থ, প্রশিক্ষণ ও কর্মশালা) জনাব শেখ শামীম ইসলাম; উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



‘তথ্য অধিকার আইন’ শীর্ষক দিনব্যাপী একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ

মহাপরিচালক তাঁর সমাপনী বক্তব্যে বলেন, “তথ্য বলতে আমরা কী বুঝি? জীবনের সব ক্ষেত্রেই তথ্যের প্রয়োজন। যার কাছে যত তথ্য আছে সে তত বেশি ক্ষমতাবান বলা হয়ে থাকে। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভাষা ও গবেষণা নিয়ে কাজ করে। তাই জনগণ ভাষা সংক্রান্ত, গবেষণা সংক্রান্ত তথ্য জানতে পারবে। তথ্য অধিকার আইনে পূর্বে জনগণ কোন তথ্য জানতে পারতো না, এখন তথ্য অধিকার আইন ২০০৯ এর ফলে কোন কোন ক্ষেত্রে জনগণ তথ্য জানতে পারবে এবং কোন কোন ক্ষেত্রে জনগণ তথ্য জানতে পারবে না সে ক্ষেত্রে তথ্য অধিকার আইন ২০০৯ এ বলা আছে। তথ্য অধিকার আইনের মূল উদ্দেশ্য হলো স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস এবং সুশাসন প্রতিষ্ঠা করা।”

স্বাক্ষরিত/-

০৪/০৪/২০২৪

(মোঃ আবদুল কাদের)

উপপরিচালক (প্রশাসন, প্রচার, তথ্য ও জনসংযোগ)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ই-মেইল: abdulkader789@gmail.com